বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
"কৃষি ভবন"
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(মহা-ব্যবস্থাপক (বীজ) এর দপ্তর)

স্মারক নং ঃ ১মব্য(বীজ)৫১(অংশ-৮)/২০০৪-০৫/২১৩২(৬৫) তারিখ ঃ ১৯/২/২০০৬ ইং

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ে ৮/২/২০০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৫তম সভার কার্য বিবরণী।**

এতদসঙ্গে বর্ণিত বিষয়ের কার্য বিবরণী প্রেরণ করা হ'ল।

সংযুক্তি ঃ সভার কার্য বিবরণী।

(মোঃ মাহফুজার রহমান)
মহা-ব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি

অনুলিপি বিতরণ (কার্য বিবরণী সংযুক্ত) ঃ

১। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২। পরিচালক (সরেজমিন উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৩। পরিচালক (গবেষণা), বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৪। পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৫। পরিচালক (কৃষি), বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৮। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
৯। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১০। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, এসআইডি প্রজেক্ট, ৩য় বিল্ডিং, ৭ম ফ্লোর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১১। পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১২। জনাব গিয়াস উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, সেন্টার ফর এগ্রো-টেকনোলজী ডেভেলপমেন্ট, ৬০ গ্রীন রোড, ঢাকা (প্রতিনিধি, এনজিও সীড ফোরাম)।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৪। যুগ্ম-সচিব (কৃষি শিক্ষা ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৫। মহাপরিচালক (বীজ উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১৬। মহা-ব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (বীপ্রস/বীবি/খামার/কঃগ্রোঃ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।

সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ ঃ

১। মহাপরিচালক, ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
২। মহাপরিচালক, বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৩। মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৫। মহাপরিচালক, বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৭। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

# গত ৮/২/২০০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির
## ৩৫তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৩৫তম সভা গত ৮/২/২০০৬ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) সভাপতিত্ব করেন। পরিশিষ্ট-'ক' তে উল্লিখিত কর্মকর্তা/প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন।

শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানান এবং কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয় সভায় উপস্থাপনের জন্য সদস্য-সচিব ও মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি'কে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য-সচিব আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণার্থে সভায় উপস্থাপন করেন ঃ

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত ১৪/৯/০৫ ইং তারিখের সীড প্রমোশন কমিটির ৩৪তম সভায় গৃহীত সিদ্ধান্ত ও কার্যবিবরণী অনুমোদন। | বিগত ১৪/৯/০৫ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৪তম সভায় গৃহীত সিদ্ধান্তের উপর সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপ ও অগ্রগতি পর্যালোচনার পর তা সর্বসম্মতিক্রমে অনুমোদনের জন্য সদস্যগণ একমত পোষণ করেন। | সীড প্রমোশন কমিটির ৩৪তম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ। |
| ০২ | ২০০৬-০৭ মৌসুমের জন্য আউশ বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি ও সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০০৩-০৪ ও ২০০৪-০৫ মৌসুমে বিএডিসি যথাক্রমে ৩০০ মে. টন ও ৪৪৮ মে. টন আউশ বীজ বিতরণ করেছে এবং বর্তমান ২০০৫-০৬ মৌসুমে বিতরণের জন্য ৪৭০ টন আউশ বীজ মজুদ রয়েছে। বিএডিসি'র বীজ প্রকল্প অনুযায়ী ২০০৬-০৭ সালে ৮০০ মে. টন আউশ বীজ বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০০৬-০৭ সালের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে আউশ বীজের চাহিদা পাওয়া যায়নি। প্রসঙ্গত উল্লেখ্য যে, আউশ বীজের চাহিদা ক্রমান্বয়ে কমে আসছে।<br>তিনি আরও উল্লেখ করেন যে, ২০০৫-০৬ মৌসুমে বোরো বীজের চাহিদার প্রেক্ষিতে ২০০৫-০৬ মৌসুমে উৎপাদিত আউশ বীজ হতে ৩ মে. টন বিআর-৩, ২৮.১২৯ মে. টন বিআর-১৪ এবং ৭৩.২৩ মে. টন বিআর-২৬ বোরো বীজ হিসেবে বিতরণ করা হয়েছে। তাছাড়া বিএডিসি'র খামারে উৎপাদনের জন্য ২৮.৫ মে. টন ভিত্তি (স্টেজ-১) ও ২৭১ মে. টন ভিত্তি (স্টেজ-২) বীজের মজুদ রয়েছে, যা ভিত্তি (স্টেজ-২), প্রত্যায়িত ও মানঘোষিত আউশ ধানের | (১) বিএডিসি ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে ৫টি জাতের ৬৫০ মে. টন প্রত্যায়িত, ৫টি জাতের ৬০ মে. টন ভিত্তিসহ মোট ৭১০ মে. টন আউশ বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট - 'খ')।<br>(২) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ২০০৬-০৭ ও ২০০৭-০৮ সালে ৫টি জাতের যথাক্রমে ৬০০ ও ৬০০ কেজি ব্রিডার আউশ বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট - খ)। | (১) বিএডিসি।<br>(২) ব্রি।<br>(৩) ডিএই। |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বীজ হিসেবে পরবর্তী মৌসুমে উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে। অতঃপর আউশ ধান বীজ উৎপাদন কর্মসূচীর ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।<br>সভাপতি মহোদয় আলোচনায় অংশগ্রহণ করে বিএডিসিকে ভিত্তি বীজ উৎপাদন বৃদ্ধির উপর বেশী গুরুত্ব দেন। তিনি ভিত্তি (স্টেজ-১ ও স্টেজ-২) বীজ উৎপাদনের উপর আলোচনা করেন এবং বীজ প্রত্যয়ন এজেন্সি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রি, বিজেআরআই, বিনা ও বারি-এর প্রতিনিধিদের নিকট হতে ভিত্তি বীজ (স্টেজ-১ ও স্টেজ-২) এর মাধ্যমে বীজ উৎপাদনের ব্যাপারে মতামত জানতে চান। উপরোক্ত সংস্থার প্রতিনিধিগণ সকলেই স্টেজ-১ ও স্টেজ-২ এর মাধ্যমে ভিত্তি বীজ উৎপাদনের প্রক্রিয়াটি পরিহার করে বিএডিসিকে ভিত্তি ধান বীজ উৎপাদনের ক্ষেত্রে "মৌল বীজ" ব্যবহার করে ভিত্তি বীজ উৎপাদনের জন্য মত প্রকাশ করেন।<br>বিএডিসি'র মহা-ব্যবস্থাপক (পাট বীজ) আলোচনায় অংশগ্রহণ করে সভাকে জানান যে, ইতিপূর্বে ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) পর্যাপ্ত পরিমাণে (চাষীদের নিকট জনপ্রিয় জাতসমূহ) মৌলবীজ সরবরাহ করতে পারেনি বিধায় বিএডিসি'কে স্টেজ-১ ও স্টেজ-২ এর মাধ্যমে ভিত্তি বীজ উৎপাদন কার্যক্রম সম্পাদন করতে হয়েছে। বর্তমানে জনপ্রিয় জাতসমূহের প্রয়োজনীয় পরিমাণ মৌলবীজ পাওয়া গেলে বিএডিসি ভিত্তি বীজ উৎপাদনের ক্ষেত্রে শুধুমাত্র মৌলবীজ ব্যবহার করতে পারে।<br>অতিঃ মহা-ব্যবস্থাপক (খামার), বিএডিসি, আলোচনায় অংশগ্রহণ করে সভাকে অবহিত করেন যে, প্রতিকেজি মৌল বীজের দাম ১০০/- (একশত) টাকা, যা স্বাভাবিকের চেয়ে অনেক বেশী। ফলে অর্থ সাশ্রয় করে বাজেটের মধ্যে সীমাবদ্ধ রেখে ভিত্তি বীজ উৎপাদনের ক্ষেত্রে বর্ণিত প্রক্রিয়ায় বীজ উৎপাদন করা হয়ে থাকে।<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সভায় এই মর্মে মত প্রকাশ করা হয় যে, বিএডিসি'র চাহিদা মোতাবেক মৌল বীজ সরবরাহ সাপেক্ষে বিএডিসি এখন থেকে মৌলবীজ হতে সরাসরি ভিত্তি বীজ উৎপাদন করবে।<br>ব্রি'র প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে সভায় জানান যে, ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে ব্রিধান-৪২ এবং ব্রিধান-৪৩ জাত বিএডিসি'র উৎপাদন কার্যক্রমের আওতায় নেই। তিনি এ ২টি জাতকে উৎপাদন কার্যক্রমের অন্তর্ভুক্ত করার জন্য মত প্রকাশ করেন এবং প্রতিটি জাতের | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা ইনস্টিটিউট নতুন জাতসমূহের উপর জোর দিয়ে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনীর আয়োজন করবে।<br>(৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য 'ক্যামপেন' আকারে কর্মসূচী গ্রহণ করবে এবং রেডিও, টেলিভিশনের কৃষি সম্পর্কিত কর্মসূচীতে প্রচারণার ব্যবস্থা করবে।<br>(৫) বিএডিসি মৌলবীজ হতে সরাসরি ভিত্তি বীজ উৎপাদন করবে। | (৪) কৃষি তথ্য সার্ভিস।<br>(৫) 'ব্রি' ও বিএডিসি। |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৪০ কেজি করে মৌল বীজ মজুদ রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>এ ব্যাপারে বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত হয় যে, 'ব্রি' আপাততঃ জাত ২টির ২০ কেজি করে মৌল বীজ বিএডিসিকে সরবরাহ করবে। বিএডিসি উক্ত জাত দু'টিকে বীজ উৎপাদন কর্মসূচীতে অন্তর্ভুক্ত করবে। | | |
| ০৩ | ২০০৬-০৭ মৌসুমের জন্য পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি ও সদস্য-সচিব সভাকে জানান যে, বিএডিসি ২০০৩-০৪ ও ২০০৪-০৫ মৌসুমে যথাক্রমে মোট ২৪৪ ও ১৬৪ মে. টন দেশী ও তোষা পাট বীজ বিতরণ করেছে। ২০০৫-০৬ মৌসুমে (জানুয়ারী '০৬) দেশী জাতের ১৮৭.৫ মে. টন ও তোষা জাতের ১৯ মে. টন সংগ্রহ সম্পন্ন হয়েছে। চলতি ২০০৫-০৬ মৌসুমে ১০০০ মে. টন (৫৭৫ টন দেশী ও ৪২৫ টন তোষা) পাট বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা সামনে রেখে বপন কার্যক্রম শুরু করা হয়। কিন্তু সেপ্টেম্বর ও অক্টোবর '০৫ মাসে নিম্নচাপ ও প্রবল বর্ষণের কারণে অধিকাংশ বীজ ফসল ক্ষতিগ্রস্ত হয়। পাট বীজের প্রাপ্যতা কম হওয়ায় দেশী জাতের ১৯৪ মে. টন ও তোষা জাতের ১৫০ মে. টন বীজ সংগ্রহ সম্ভব হবে।<br>তিনি আরও উল্লেখ করেন যে, পাট বীজ প্রকল্পের পিপি অনুযায়ী ২০০৬-০৭ মৌসুমে ৮৭০ মে. টন (৪০০ টন দেশী ও ৪৭০ টন তোষা) প্রত্যায়িত/মানঘোষিত পাট বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। উল্লেখ্য যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে ২০০৫-০৬ ও ২০০৬-০৭ বিতরণ মৌসুমের জন্য ১০০০ মে. টন করে পাট বীজের চাহিদা রয়েছে।<br>সভাপতি মহোদয় আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, ২০০৬-০৭ মৌসুমের জন্য বিএডিসি'র পাট বীজ উৎপাদনের প্রস্তাবিত লক্ষ্যমাত্রা দেশের চাহিদার তুলনায় পর্যাপ্ত নয়। ইতিমধ্যে দেশে পাট বীজের চাহিদা বৃদ্ধি পাওয়ায় পাট বীজ উৎপাদনের একমাত্র প্রতিষ্ঠান বিএডিসিকে আরও অধিক পরিমাণে পাট বীজ উৎপাদন করার জন্য সভায় মতামত ব্যক্ত করেন। তিনি পাট বীজ উৎপাদন বৃদ্ধিকল্পে কি কি প্রয়োজনীয় ব্যবস্থা নিলে চুক্তিবদ্ধ চাষীদের আগ্রহ বৃদ্ধি পাবে, সেই সাথে দেশের প্রয়োজনীয় চাহিদা পূরণ অনেকাংশে সম্ভব হবে এই মর্মে উপস্থিত সদস্যগণকে উন্মুক্ত আলোচনা করার আহ্বান জানান।<br>সভাপতি মহোদয় পাট বীজের সংগ্রহ মূল্য বৃদ্ধি করে (কেজি প্রতি ১০০/- টাকা) পাট বীজ উৎপাদনকারী চাষীদেরকে আগ্রহী করে তোলা সম্ভব কিনা মর্মে উপস্থিত সদস্যগণের নিকট জানতে চান। | (১) ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে বিএডিসি ৫৫০ মে. টন দেশী এবং ৬৫০ মে. টন তোষা প্রত্যায়িত পাট বীজ উৎপাদন করবে।। এছাড়া ৩২ মে. টন দেশী ও ২৮ মে. টন তোষা জাতের ভিত্তি পাট বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-'গ')।<br>(২) ২০০৬-০৭ ও ২০০৭-০৮ মৌসুমে বিজেআরআই যথাক্রমে ১০২৬ ও ১০২৬ কেজি মৌল বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'গ')।<br>(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় পাট বীজ বিক্রয়ের লক্ষ্যে "ক্যামপেন" আকারে সর্বাত্মক প্রচার কর্মসূচী গ্রহণ করবে।<br>(৪) বিনা দেশী-২ জাতের ২০ কেজি এবং পাটশাক উপযোগী জাতের ৪০ কেজি পাট বীজ ডিএই'র নিকট | (১) বিএডিসি।<br>(২) বিজেআরআই<br>(৩) ডিএই ও এআইএস।<br>(৪) ডিএই ও বিজেআরআই। |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | এ পর্যায়ে বিএডিসি'র মহা-ব্যবস্থাপক (পাট বীজ) সভায় জানান যে, চলতি বছরে পাট বীজের সংগ্রহ মূল্য তোষা প্রতিকেজি ৬০/- টাকা এবং দেশী প্রতিকেজি ৪৫/- টাকা, যা উৎপাদন খরচের তুলনায় অনেক কম। চাষীর নিকট অন্যান্য ফসলের তুলনায় পাট বীজ উৎপাদন কম লাভজনক হওয়ায় পাট বীজ উৎপাদনকারী চাষীরা বীজ উৎপাদনে আগ্রহী হচ্ছে না। বিস্তারিত আলোচনা শেষে সভাপতি মহোদয় পাট বীজের সংগ্রহ মূল্য প্রতি কেজি ১০০/- টাকা নির্ধারণের পক্ষে মত প্রকাশ করেন। এতে চুক্তিবদ্ধ চাষীরা বীজ উৎপাদনে আগ্রহী হবে, প্রয়োজনে নামমাত্র মূল্যে (ভর্তুকি দিয়ে) সংগৃহীত পাট বীজ প্রতিকেজি ১০ থেকে ১২ টাকা দরে সাধারণ চাষীর নিকট বিক্রয় করার পক্ষে উপস্থিত সদস্যগণ মতামত প্রকাশ করেন।<br>বিজেআরআই-এর প্রতিনিধি দেশে পাট বীজ উৎপাদন বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় পরিমাণ মৌল বীজ বিএডিসিকে সরবরাহ করতে সক্ষম হবে বলে সভাকে অবহিত করেন।<br>সভাপতি মহোদয় পুনরায় আলোচনায় অংশ নিয়ে প্রস্তাবিত লক্ষ্যমাত্রা ৮৭০ মে. টন এর স্থলে ১২০০ মে. টনে উন্নীত করার জন্য বিএডিসিকে অনুরোধ জানান।<br>মহা-পরিচালক (বিনা) সভায় জানান যে, বিনা দেশী-২ জাতের ২০ কেজি মৌল বীজ এবং পাট শাকের উপযোগী জাতের ৪০ কেজি মৌল বীজ 'বিনা' হতে সরবরাহ করা যাবে। এ পরিমাণ বীজ কৃষি সম্প্রসারণ বিভাগ প্রদর্শনী প্লট স্থাপন করে জাতগুলোকে জনপ্রিয় করে তুলতে পারেন। | বিনামূল্যে সরবরাহ করা হবে এবং কৃষকদেরকে আকৃষ্ট করার জন্য ডিএই এগুলোর প্রয়োজনীয় প্রদর্শনী প্লট স্থাপন করবে। | |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ এনায়েত উল্লাহ)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়
ও
সভাপতি, সীড প্রমোশন কমিটি

পরিশিষ্ট-"ক"

## ০৮/০২/০৬ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৫তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থার নাম | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাহফুজার রহমান | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি ও সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি | ৯৫৫২৩১৭ |
| ১ | ডাঃ দিল আফরোজ হক | যুগ্ম-সচিব (নিঃ ও কৃষি), কৃষি মন্ত্রণালয় | ৭১৬৬০৮৭ |
| ২ | জনাব মোঃ সামছুল আলম | অতিঃ পরিচালক (সম্প্রসারণ), ডিএই | ৯১৩২২০৮ |
| ৪ | জনাব মোঃ সরাফত আলী মিঞা | উপ-পরিচালক, ডিএই, খামার বাড়ী, ঢাকা | ৯১৩২৩২৬ |
| ৫ | জনাব এ কে এম জামশেদ আলী মজুমদার | ব্যবস্থাপক (কর্মসূচী), বিএডিসি | ৯৫৫২৫১২ |
| ৬ | জনাব মোহাম্মদ আলী | অতিঃ মহা-ব্যবস্থাপক (কগ্রো), বিএডিসি | ৯৫৬৪০৬৪ |
| ৭ | জনাব মোঃ ইব্রাহীম মিঞা | অতিঃ মহা-ব্যবস্থাপক (খামার), বিএডিসি | ৯৫৫২৬০২ |
| ৮ | ডঃ ফিরোজ শাহ্ সিকদার | পরিচালক (কৃষি), বিজেআরআই | ৯১১৬০৯৬ |
| ৯ | জনাব মোঃ শাহাবউদ্দিন | অতিঃ মহা-ব্যবস্থাপক (বীপ্রস), বিএডিসি | ৯৫৬৬৭১৯ |
| ১০ | জনাব মোঃ আবদুস সাত্তার | অতিঃ মহা-ব্যবস্থাপক (বীবি), বিএডিসি | ৭১৬০১৪৯ |
| ১১ | জনাব মোঃ আব্দুল লতিফ মিয়া | ব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি | ৯৫৫০৮৯৩ |
| ১১ | জনাব মোঃ শাহ্জাহান আলী | সীড ফেডারেশন অব বাংলাদেশ | ৮৮১৬৪৭৬, ৯৮৯৬৯০৬ |
| ১২ | ড. মোঃ খায়রুল বাশার | প্রধান, জিআরএস বিভাগ, ব্রি, গাজীপুর | ৯২৫৭৪০১-৫ |
| ১৩ | জনাব মোঃ আখতার হোসেন সরকার | মূখ্য বীজ প্রযুক্তিবিদ, বীজ প্রত্যয়ন এজেন্সী | ৯২৫২০৩৫ |
| ১৪ | জনাব মোঃ মোশাররফ হোসেন | মূখ্য বীজ প্রত্যয়ন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী | ৯২৫২০৩৩ |
| ১৫ | জনাব চন্দন কুমার সাহা | পিএসও, বিজেআরআই, ঢাকা | ৮১৩০৫০৭ |
| ১৬ | জনাব মোঃ নজরুল ইসলাম | মহা-ব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি | ৯৫৫২৭৮৫ |
| ১৭ | ডঃ মোস্তাফিজুর রহমান খান | বিভাগীয় প্রধান, বীজ প্রযুক্তি, বারি | ৯২৬১৫১৩ |
| ১৮ | ড. মোঃ আব্দুল বাকী | পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর | ৯২৫৭৪০১-০৫/৪০৪ |
| ১৯ | জনাব নেসার উদ্দিন আহমেদ | প্রধান বীজ তত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় | ৭১৬০২৩৮ |
| ২০ | ড. এম. এ হামিদ | মহাপরিচালক (চঃ দাঃ), বিনা | ০৯১-৫৪০৪৭ |
| ২১ | জনাব আনোয়ার ফারুক | মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | ৭১৬৪৬২৪ |

পরিশিষ্ট - "খ"

## (১) ২০০৬-২০০৭ উৎপাদন মৌসুমে আউশ ধান বীজ উৎপাদন কর্মসূচী

পরিমাণ ঃ মে. টনে

| ক্রমিক নং | বিএডিসি'র প্রকল্পসমূহের নাম | শ্রেণীভিত্তিক উৎপাদন প্রস্তাব | | |
|---|---|---|---|---|
| | | ভিত্তি | প্রত্যায়িত | মোট |
| ১ | খামার বিভাগ | ৬০ | ৪৫০ | ৫১০ |
| ২ | কন্ট্রাক্ট গ্রোয়ার্স বিভাগ | - | ২০০ | ২০০ |
| | মোট ঃ | ৬০ | ৬৫০ | ৭১০ |

## (২) জাতভিত্তিক উৎপাদন কর্মসূচী

পরিমাণ ঃ মে. টনে

| জাত | শ্রেণী | | |
|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মোট |
| বিআর-৩ | ১৫ | ১৭০ | ১৮৫ |
| বিআর-১৪ | ২০ | ২০০ | ২২০ |
| বিআর-২১ | ২ | ৫০ | ৫২ |
| বিআর-২৬ | ১৭ | ১৮০ | ১৯৭ |
| ব্রিধান-২৭ | ২ | ৫০ | ৫২ |
| ব্রিধান-৪২ | ২ | - | ২ |
| ব্রিধান-৪৩ | ২ | - | ২ |
| মোট ঃ | ৬০ | ৬৫০ | ৭১০ |

## (৩) ব্রিডার বীজের চাহিদা

| জাত | উৎপাদন বর্ষ (২০০৬-০৭) (কেজি) | উৎপাদন বর্ষ (২০০৭-০৮) (কেজি) |
|---|---|---|
| বিআর-৩ | ১৫০ | ১৫০ |
| বিআর-১৪ | ২০০ | ২০০ |
| বিআর-২১ | ২০ | ২০ |
| বিআর-২৬ | ১৭০ | ১৭০ |
| ব্রিধান-২৭ | ২০ | ২০ |
| ব্রিধান-৪২ | ২০ | ২০ |
| ব্রিধান-৪৩ | ২০ | ২০ |
| মোট ঃ | ৬০০ কেজি | ৬০০ কেজি |

পরিশিষ্ট - "গ"

## (১) ২০০৬-২০০৭ উৎপাদন মৌসুমে ১২০০ মে. টন প্রত্যায়িত পাট বীজ উৎপাদন কর্মসূচী

পরিমাণ ঃ মে. টনে

| দেশী | | | তোষা | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| সিভিএল-১ | বিজেসি-৭৩৭০ | মোট | ও-৯৮৯৭ | ও-৭২ | মোট | |
| ৪৭০ | ৮০ | ৫৫০ | ৪৬০ | ১৯০ | ৬৫০ | ১২০০ |

## (২) ২০০৬-০৭ সনে ভিত্তি পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা

| জাত | মোট উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) | মোট ব্রিডার বীজের চাহিদা (কেজি) |
|---|---|---|
| ক) দেশী ঃ | | |
| সিভিএল-১ | ২৮০০০ | ৬০০ |
| সিভিই-৩ | ২৮০ | ৫ |
| বিজেসি-৭৩৭০ | ২২৪০ | ৫০ |
| মোট ঃ | ৩০৫২০ | ৬৫৫ |
| খ) তোষা ঃ | | |
| ও-৯৮৯৭ | ১৬১০০ | ২৫৯ |
| ও-৭২ | ৭০০০ | ১১২ |
| মোট ঃ | ২৩১০০ | ৩৭১ |
| সর্বমোট ঃ | ৫৩৬২০ | ১০২৬ |

০৮/০২/০৬ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির
৩৫তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল | টেলিফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মো: মাহফুজুর রহমান, মুখ্য ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, | ঢাকা | ৯৫৫২৬৩১ | [signature] |
| ২ | ডা: [illegible] যুগ্ম সচিব [illegible] | কৃষি মন্ত্রণালয় | ৭১৬৬০৮৭ | [signature] 08.2.06 |
| ৩ | মো: মামুনুল আলম, অতি: পরি (মনি:) DAE | খামারবাড়ী DAE HQ. | ৯১৬২২০৮ | [signature] |
| ৪ | মো: [illegible] অতি: পরিচালক, DAE | খামারবাড়ী, ঢাকা | ৯১৬৮৬২৪ | [signature] 8.2.06 |
| ৫ | এ কে এম [illegible] | [illegible] বিএডিসি | ৯৫৫২৫১২ | [signature] |
| ৬ | [illegible] | অতি: [illegible] | ৯৫৬৪০৬৪ | [signature] |
| ৭ | মো: [illegible] | অতি: [illegible] | ৯৫৫৫২৬০২ | [signature] |
| ৮ | মো: [illegible] | অতি: [illegible] বিএডিসি | ৯৫৬৬৭১৯ | [signature] |
| ৯ | মো: আব্দুস সাত্তার | অতি: [illegible] কর্পোরেশন, বিএডিসি | ৭১৬০ ৭৪৯ | [signature] 8/2/06 |
| ১০ | মো: আব্দুল লতিফ মিয়া | [illegible] বিএডিসি | ৯৫৫০৮৫১ | [signature] 08/2/06 |
| ১১ | Md. Shahjahan Ali | Seed Federation of B'desh | 8816476 9896906 | [signature] 8/2/06 |
| ১২ | ড. মো: [illegible] | প্রধান, বীজ প্রযুক্তি বিভাগ বারি, গাজীপুর | ৯২৬৭৪০১-৫ | [signature] 8/2/06 |
| ১৩ | মো: আখতার হোসেন, মুখ্য বীজ প্রত্যয়ন অফিসার, | বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | ৯২৫২০৬৫ | [signature] 8/02/06 |
| ১৪ | মো: [illegible] মুখ্য বীজ প্রত্যয়ন [illegible] | বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | ৯২৬২০৬৬ | [signature] |
| ১৫ | চন্দন কুমার সাহা পি এস ও | বি জে আর আই ঢাকা | ৮১২০৫৫৭ | [signature] 8/2/06 |
| ১৬ | মো: নজরুল ইসলাম সহ-ব্যবস্থাপক (পাট বীজ) | বিএডিসি | [illegible] | [signature] 08/02/06 |
| ১৭ | ড: [illegible] | [illegible] প্রতিষ্ঠান, [illegible] | ৯১২৮১৫১৬ | [signature] 8/2 |
| ১৮ | ড. মো: আব্দুল বাকী | পরিচালক (গবেষণা) [illegible] | 9257401-05 | [signature] |